

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি


এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-২০১৯ মহামারী প্রকোপ নিয়ন্ত্রণের লক্ষ্যে সারা দেশ ব্যাপী ভ্যাকসিন প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থী ভ্যাকসিনের আওতায় আনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কিছু বিষয় প্রক্রিয়াধীন আছে। কোভিড-২০১৯ নিয়ন্ত্রণ, সকলের স্বাস্থ্য সুরক্ষা এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকলের ভ্যাকসিন গ্রহণ আবশ্যিক।

যে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থী ইতোমধ্যে ভ্যাকসিনের ১ম ডোজ বা ২য় ডোজ গ্রহণ করেছেন তাদের হালনাগাদ তথ্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সরকারী দপ্তরসমূহে প্রেরণ করা প্রয়োজন। সে লক্ষ্যে সকলকে <https://covid.kuet.ac.bd/> ওয়েবসাইটে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ই-মেইল (শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীর জন্য) এবং মোবাইল নম্বর (কর্মচারীগণের জন্য) ব্যবহার করে তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

যে সকল শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়ের ই-মেইল নাই তাদেরকে অতিসত্বর ই-মেইল সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া কর্মচারীগণকে গুগল ফরমের লিংকে (<https://forms.gle/xdGeNx858b1X53wF7>) তাদের মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যসমূহ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ভবিষ্যতে সরকারী বা যে কোন ধরনের সেবা পেতে ভ্যাকসিন গ্রহণ পূর্বশর্ত হতে পারে। নিজের তথা জাতির স্বাস্থ্য সুরক্ষা, কোভিড-২০১৯ নিয়ন্ত্রণ এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সবাইকে ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ করা হলো। যে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থী এখনো ভ্যাকসিন গ্রহণের জন্য রেজিস্ট্রেশন করে নাই তাদেরকে অতিসত্বর রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো। সকলকে এ ব্যাপারে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।


26/06/2022


(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ডুগা)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৩৫৫ (৫০)

তারিখঃ ২৬/০৬/২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৯। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সংরক্ষণ নথি।


26/06/2022
(মোঃ মনিরুজ্জামান)
সহকারী রেজিস্ট্রার